


এসএসসি পরীক্ষার ফল ১০ জুলাই

ইতেফাক রিপোর্ট

প্রকাশ : ০৮ জুলাই ২০২৫, ০৩:০০



চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ১০ জুলাই প্রকাশিত হতে পারে। এরই মধ্যে ফল প্রকাশের স্ন্তাব্য তারিখ নির্ধারণ করে এ সংক্রান্ত প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড সমষ্ট কমিটি। এখন মন্ত্রণালয়ের অনুমোদন পেলেই ফল প্রকাশের ঘোষণা করা হবে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

গতকাল সোমবার সকালে আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার সাংবাদিকদের বলেন, ‘১০, ১১ ও ১২ জুলাই-এই তিনটি তারিখের মধ্যে যে কোনো এক দিন ফল প্রকাশের জন্য প্রস্তাব দেওয়া হয়েছে। তবে সবকিছু নির্ভর করছে মন্ত্রণালয়ের অনুমোদনের ওপর।’

এস এম কামাল উদ্দিন হায়দার সরাসরি ১০ জুলাই তারিখ উল্লেখ না করলেও, সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, শিক্ষা বোর্ডগুলো মন্ত্রণালয়ে যে প্রস্তাব পাঠিয়েছে, তাতে ১০ জুলাইকে গুরুত্ব দেওয়া হয়েছে। ফলে অনুমোদন মিললে সেটিই চূড়ান্ত দিন হিসেবে ঘোষিত হতে পারে। এদিকে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, প্রধান উপদেষ্টার সম্মতির ভিত্তিতে দিন নির্ধারণ করা হবে। মন্ত্রণালয় চূড়ান্ত তারিখ অনুমোদন করার পর তা আনুষ্ঠানিকভাবে জানানো হবে।

যেভাবে ফল পাওয়া যাবে: ফলাফল প্রকাশের দিন সকাল ১০টা থেকে শিক্ষার্থীরা নিজ নিজ বোর্ডের ওয়েবসাইটে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফল জানতে পারবেন।